শেখ হাসিনার উদ্যোগ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোনঃ +৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.৩৩.০০১.২৪./ ৩৮৮

তারিখঃ ১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাঃ। / ৩১ মার্চ, ২০২৪ খ্রিঃ।

## :বিজ্ঞপ্তি :

**বিষয় ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বৈদ্যুতিক লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠান ও উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২৪-২৫ অর্থ বছরের জন্য পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন প্রসঙ্গে।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বৈদ্যুতিক লাইন নির্মাণ ও উপকেন্দ্র নির্মাণ কাজের জন্য পূর্বযোগ্যতাপ্রাপ্ত/সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২৪-২৫ অর্থ বছরের পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতা নবায়নের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনের জন্য নির্ধারিত ফরম সংগ্রহ ও দাখিলের সময়সূচী এবং অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ

**(ক) আবেদন ফরম সংগ্রহ ঃ**

(১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় হতে ও নির্বাহী প্রকৌশলীর কার্যালয় হতে হার্ডকপি এবং বাপবিবোর্ডের ওয়েব সাইট (www.reb.gov.bd) হতে ০৬/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত ডাউনলোডের মাধ্যমে নির্ধারিত নবায়ন ফরম সংগ্রহ করা যাবে। এছাড়া, ফরমটি অত্রসাথ সংযুক্ত করা হলো। ফরমটি ফটোকপি করে ব্যবহার করা যাবে।

**(খ) আবেদন ফরম পূরণ ঃ**

(১) আবেদন ফরম (Appendix-A) এবং ফরমের সাথে সংযুক্তি পরিশিষ্টসমূহ যথাযথভাবে পূরণপূর্বক দলিলাদির ফটোকপি সংযুক্ত করতে হবে।

(২) একই ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইন নির্মাণ এবং উপকেন্দ্র নির্মাণের পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতা থাকলে লাইন এবং উপকেন্দ্রের বিপরীতে পৃথক পৃথকভাবে আবেদন ফরম পূরন করে দাখিল করতে হবে।

(৩) প্রতিটি আবেদনের বিপরীতে বাপবিবোর্ডের অনুকূলে পৃথক পৃথক ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

**(গ) আবেদন ফরম এর সাথে সংযুক্ত দলিলাদি ঃ** আবেদনের সাথে নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবে ঃ-

(১) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড হতে প্রদানকৃত **e-Contractor License** ও **e-Electrical Supervisor's Competency Certificate** এর কপি (ন্যূণতম ৩০/০৬/২০২৪ খ্রিঃ পর্যন্ত হালনাগাদ থাকতে হবে)।

(২) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক (কালো তালিকাভূক্ত ব্যাংক ব্যতীত) হতে নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য)।

(৩) বিগত অর্থবছরে নবায়নের আবেদন করা না হলে বিগত প্রতি অর্থবছরের জন্য দিগুণ হারে নবায়ন ফি বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য)।

(৪) ২০২৩-২৪ অর্থবছরের ট্রেড লাইসেন্স এর কপি।

(৫) ১৩ ডিজিট এর BIN সার্টিফিকেট এর কপি।

(৬) সদ্য তোলা ০১ (এক) কপি পার্সপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

(৭) করবর্ষ ২০২৩-২৪ (২০২২-২৩ অর্থবছর) এর আয়কর রিটার্নের প্রত্যায়ন পত্র (অনিষ্পন্ন/মামলা থাকলে রিটার্ণ দাখিলের প্রাপ্তিস্বীকার পত্র) সংযুক্ত করতে হবে।

(৮) মালিকানা সনদ (ছবিসহ) এর সত্যায়িত কপি।

(৯) পাওয়ার অফ এটর্নী/আমমোক্তার (ছবিসহ) নিয়োগ করা থাকলে বাপবিবোর্ডের অনুমোদনের কপি।

(১০) বাপবিবোর্ড হতে প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সার্টিফিকেটের কপি।

(১১) মালিক/ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি।

(১২) ঠিকাদারী প্রতিষ্ঠানের অধীনে কোন ব্যক্তি আহত/নিহত হলে ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের প্রমাণক।

(১৩) সাব-কন্ট্রাক্ট এর মাধ্যমে চুক্তি/কার্যাদেশ বাস্তবায়নের তথ্য।

(১৪) নবায়নের আবেদন ফরম এ উল্লেখিত অন্যান্য ডকুমেন্ট।

(ঘ) **আবেদন জমা গ্রহণ ঃ**

(১) নির্ধারিত ফরমে আবেদন পত্র পূরন করে ক্রমিক-গ এ বর্ণিত তথ্যাদি/কাগজপত্রসমূহ পাঞ্চ করে একটি ফাইলে নিম্ন বর্ণিত সময়সূচী মোতাবেক (আবদ্ধ খামে) জমা প্রদান করতে হবে ঃ

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৫/০৫/২০২৪ খ্রিঃ ও ০৬/০৫/২০২৪ খ্রিঃ | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। | (১) বাপবিবোর্ডের ১২ টি জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়।<br>(২) প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর (৪র্থ তলা), বাপবিবোর্ড সদর দপ্তর ভবন এ রক্ষিত বক্সে। |

যথাসময়ে ফরম সংগ্রহ ও আবেদন দাখিলের জন্য বাপবিবোর্ডের বৈদ্যুতিক লাইন ও উপকেন্দ্র নির্মাণ কাজের পূর্বযোগ্যতা/সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

০১/০৫/২০২৪
(মোঃ আব্দুর রহিম মল্লিক)
প্রধান প্রকৌশলী (প্রকল্প)

<u>অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>ঃ সংশ্লিষ্টতা মোতাবেক প্রযোজ্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১। সদস্য (বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ওএমএন্ডডি), বাপবিবো।
৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, - ----------------------জোন, বাপবিবো। → নোটিশ বোর্ডে আলোচ্য বিজ্ঞপ্তিটি টানানো, আবেদন ফরম প্রদান ও নির্ধারিত তারিখে আবেদন ফরম জমা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। → আলোচ্য বিজ্ঞপ্তি এবং বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদন ফরম বাপবিবোর্ডের ওয়েবসাইটে ০৬/০৫/২০২৪ খ্রিঃ পর্যন্ত প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ----------------------------। → নোটিশ বোর্ডে আলোচ্য বিজ্ঞপ্তিটি টানানো ও আবেদন ফরম প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০১/০৫/২০২৪
(আমিনুর রহমান)
উপ-পরিচালক (সিসিএ)

Appendix-A

# নবায়নের আবেদন ফরম

পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পূর্বযোগ্যতাপ্রাপ্ত/সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত বৈদ্যুতিক লাইন/ উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠান-এর ২০২৪-২৫ অর্থ বছরের জন্য পূর্বযোগ্যতা নবায়নের আবেদন পত্র।

ঠিকাদারী প্রতিষ্ঠান :-----------------------------------------------------------------------------------

কোড নং- এলসি/পিএলসি/এসএস/পিএসএস :-----------------------------------------------------------------

ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নং-----------------------------------তাং-----------------------------------------

ব্যাংক-------------------------------------------------- শাখা:---------------------------------------------

টাকার পরিমাণ--------------------------- যে অর্থবছরের নবায়ন ফি-------------------------------------------

**(ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এখানে সংযুক্ত করতে হবে)**

প্রতিষ্ঠানের ই-মেইল আইডি : ------------------------------------------------------------------------------

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক এর নাম :------------------------------------------------------------------

মোবাইল নম্বর ঃ ---------------------------------------------------------------------------------------

ঠিকানা :-----------------------------------------------------------------------------------------------

| | | | |
|---|---|---|---|
| ১। | জাতীয় পরিচয় পত্র নম্বর | ঃ | ------------------------------------------ (পরিশিষ্ট-১ এ ফটোকপি সংযুক্ত করতে হবে) |
| ২। | হালনাগাদকৃত এবিসি বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নং ও মেয়াদকাল | ঃ | ------------------------------------------ (পরিশিষ্ট-২ এ e-Contractor License এর ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে) |
| ৩। | হালনাগাদকৃত এবিসি বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট নিবন্ধন নং ও মেয়াদকাল | ঃ | ------------------------------------------ (পরিশিষ্ট-৩ এ e-Electrical Supervisor's Competency Certificate এর ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে) |
| ৪। | হালনাগাদকৃত ঠিকাদারী ট্রেড লাইসেন্স নং ও মেয়াদাকাল | ঃ | ------------------------------------------ (পরিশিষ্ট-৪ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে) |
| ৫। | ১৩ ডিজিট এর BIN সার্টিফিকেট নং | ঃ | ------------------------------------------ (পরিশিষ্ট-৫ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে) |
| ৬। | সর্বশেষ আয়কর পরিশোধ সংক্রান্ত প্রত্যয়নপত্র | ঃ | টিআইএন নং------------------------------------------ (পরিশিষ্ট-৬ এ ফটোকপি সংযুক্ত করতে হবে) |

| | | |
|---|---|---|
| ৭। বাপবিবোর্ড হতে প্রশিক্ষণপ্রাপ্ত লোকবল | ঃ | সুপারভাইজার-----------জন, লাইনম্যান-----------জন (পরিশিষ্ট-৭ এ ফটোকপি সংযুক্ত করতে হবে এবং চাহিদানুসারে মূলকপি প্রদর্শন করতে হবে) |

৮। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরে বাপবিবোর্ডের ক্লোজ-আউট সম্পন্নকৃত লাই ন/উপকেন্দ্র নির্মাণ কাজের বিবরণ :

| ক্রমিক নং | সমিতির নাম | কার্যাদেশ নং ও তারিখ | কার্যাদেশের চুক্তি মূল্য (লক্ষ টাকা) | চূড়ান্ত বিলে মোট কাজের মূল্য (লক্ষ টাকা) | কাজ আরম্ভের তারিখ | ক্লোজ আউট সম্পাদনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| পরিশিষ্ট-৮ এ একই ছকে তথ্য প্রদান করতে হবে। | | | | | | | |

৯। বাপবিবোর্ডে বর্তমানে চলমান লাইন ও উপকেন্দ্র নির্মান কাজের বিবরণ:

| ক্রমিক নং | সমিতির নাম | কার্যাদেশ নং ও তারিখ | কার্যাদেশের চুক্তিমূল্য (লক্ষ টাকা) | কার্যাদেশের চুক্তির পরিমাণ (কিঃমিঃ/টি) | কাজ শুরুর তারিখ | এ যাবৎ অগ্রগতি (কিঃমিঃ/%) | এ যাবৎ বিল গ্রহনের পরিমান (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| পরিশিষ্ট-৯ এ একই ছকে তথ্য প্রদান করতে হবে। | | | | | | | |

১০। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরে বাপবিবোর্ডের দরপত্রে অংশগ্রহণ সম্পর্কে বিবরণ :

**৩৩/১১ কেভি লাইন এবং উপকেন্দ্র :**

| ক্রমিক নং | সাব-প্যাকেজ নং/ টেন্ডার আইডি নং | দরপত্রে অংশগ্রহণের তারিখ | শতকরা উদ্ধৃত দর (+) উর্দ্ধ/ (-) নিম্ন | কার্যাদেশ প্রাপ্ত হয়েছে কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| পরিশিষ্ট-১০ এ একই ছকে তথ্য প্রদান করতে হবে। | | | | | |

১১। ক্রয়কার্যে অংশগ্রহণের ক্ষেত্রে আরোপিত স্থগিতাদেশের বিবরণ:

| ক্র: নং | স্থগিতাদেশর স্মারক নং ও তারিখ | প্রত্যাহার হয়েছে কিনা ? (হ্যা/না) | মন্তব্য |
|---|---|---|---|
| পরিশিষ্ট-১১ এ একই ছকে তথ্য প্রদান করতে হবে। | | | |

১২। ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকানা এফিডেভিট (ছবিসহ): পরিশিষ্ট-১২ এ কপি সংযুক্ত করতে হবে।

১৩। আম-মোক্তার বা এ্যাটর্নী নিয়োগ : প্রতিষ্ঠানের নামে আম-মোক্তার বা এ্যাটর্নী নিয়োগ থাকলে উহার কপিসহ (ছবিসহ) বাপবিবোর্ডের অনুমোদনের কপি পরিশিষ্ট-১৩ এ সংযুক্ত করতে হবে।

১৪। পবিস মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির তথ্যঃ পরিশিষ্ট-১৪ এ বর্ণিত ছকে তথ্য প্রদান করতে হবে।

১৫। একই মালিকানাধীন/স্ত্রী/স্বামী/সন্তানের নামে কোন প্রতিষ্ঠান বাপবিবোর্ডের তালিকাভূক্ত থাকলে পরিশিষ্ট-১৫ এ বর্ণিত ছকে উহার বিবরণ উল্লেখ করতে হবে।

১৬। বৈদ্যুতিক দুর্ঘটনা ও ক্ষতিপূরণের তথ্যঃ

(ক) বাপবিবোর্ডের নির্বাহী কমিটির সিদ্ধান্ত স্মারক নং-৫২; তারিখ- ১৮/১১/২০২০ খ্রিঃ এ মাধ্যমে জারীকৃত (কপি সংযুক্ত) নীতিমালা অনুযায়ী সকল কর্মীর চিকিৎসা ব্যয় ছাড়াও প্রত্যেক নিহত কর্মীর জন্য ১০ (দশ) লক্ষ টাকা এবং প্রত্যেক পঙ্গু কর্মীর জন্য ০৫(পাচ) লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানে ঠিকাদারী প্রতিষ্ঠানের সম্মতি রয়েছে কি-না? ( হ্যাঁ/না):-----------------।

(খ) বৈদ্যুতিক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তির তথ্য পরিশিষ্ট-১৬ এ সংযুক্ত ছকে প্রদান করতে হবে।

১৭। সাব-কন্ট্রাক্ট এর মাধ্যমে বাস্তবায়িত চুক্তি/কার্যাদেশের তথ্য : পরিশিষ্ট-১৭ এ বর্ণিত ছকে তথ্য প্রদান করতে হবে।

বিঃদ্রঃ সংযুক্ত পরিশিষ্ট-১ হতে ১৭ -এ সকল তথ্য সংযুক্ত/লিপিবদ্ধ করতে হবে। সংযুক্তি না থাকলে সংযুক্তি নাই অথবা কোন তথ্য না থাকলে তথ্য নাই/ব্ল্যাংক অবস্থায় প্রতিটি পরিশিষ্ট অবশ্যই দাখিল করতে হবে। আবেদন ও সংযুক্তিসমূহের সকল পাতা/পৃষ্ঠায় প্রতিষ্ঠানের সীলমোহরসহ মালিক/আইনানুগ প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে।

ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিক/আইনানুগ প্রতিনিধি

স্বাক্ষর ও নামসহ সীলমোহর

নাম :